



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

# মাসিক বুলেটিন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক বুলেটিন

সংখ্যাঃ ৪০

বর্ষঃ চতুর্থ

এপ্রিল ২০০৮

## যশোরে ১৫০০ গ্রাম হেরোইনসহ ২ জন গ্রেফতার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যশোর উপ-অঞ্চলের সদর সার্কেলের সদস্যরা গত ২ এপ্রিল ২০০৮ তারিখে পাচারকালে ৫০০ গ্রাম হেরোইনসহ আঃ রহিম নামে ১ জনকে গ্রেফতার করে। এসময় তার কাছ থেকে ৪ টি মোবাইল সেট, নগদ ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা ও ১ টি প্রাইভেট কার উদ্ধার করে। এ ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে আঃ রহিম, আনিছুর রহমান ও তোফাজ্জল হোসেন নামে ৩ জনকে আসামী করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে যশোর সদর থানায় মামলা দায়ের করা হয়েছে। একই তারিখে যশোর উপ-অঞ্চলের বেনাপোল সার্কেল ১ কেজি হেরোইন ও নগদ ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা ও ২ টি মোবাইল সেটসহ সুমি রায় নামে একজনকে গ্রেফতার করে। এ ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে সুমি রায়, মাহীদুল ইসলাম, নাজমা বেগম এবং ন্যাড়া নামক ৪ ব্যক্তির নামে

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০ এর সংশ্লিষ্ট ধারায় বেনাপোল থানায় মামলা দায়ের করা হয়েছে।



১৩৫০ বোতল ফেন্সিডিলসহ গ্রেফতারকৃত নান্নু, শহিদুল, বোরহান ও মনির।

## কুমিল্লায় মাদক বিরোধী র্যালি, আলোচনা সভা ও সঙ্গীতানুষ্ঠান

গত ২৯ ফেব্রুয়ারি ২০০৮ তারিখে কুমিল্লা জেলা প্রশাসন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কুমিল্লা উপ-অঞ্চল ও মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা (মানস) এর আয়োজনে বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা ও সঙ্গীতানুষ্ঠান অনুষ্ঠিত হয়।

সকাল ৯ টায় জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গণ হতে জেলা প্রশাসক, মোঃ মনজুরুর রহমান, ভারপ্রাপ্ত পুলিশ সুপার, ফরহাদ আহমেদ, র‍্যাভ-১১ এর ক্রাইম প্রিভেনশন কোম্পানি-২ এর অধিনায়ক, মেজর মোঃ মোকসুদুল বারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কুমিল্লা উপ-অঞ্চলের উপ-পরিচালক মোঃ আবদুল খালেক ও জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি প্রফেসর আমীর আলী চৌধুরীর উপস্থিতিতে বিএনসিসি, বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থী, স্কাউট, গার্লস গাইড, রোভার স্কাউট, বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের কর্মীসহ সর্বস্তরের হাজার হাজার জনতার অংশগ্রহণে একটি বর্ণাঢ্য র্যালি শহরের ফৌজদারি, পুলিশ লাইন, ঝাউতলা ও বাহাদুরতলা হয়ে কুমিল্লা টাউন হল প্রাঙ্গণে এসে শেষ হয়। পরে সকাল ১১.০০ টায় কুমিল্লা টাউন হল মিলনায়তনে জেলা প্রশাসক মোঃ মনজুরুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মানস এর প্রতিষ্ঠাতা সভাপতি ড. অরুণ রতন চৌধুরী। সভাশেষে জেলা শিল্পকলা একাডেমীর নিজস্ব শিল্পীরা মনোজ্ঞ সঙ্গীতানুষ্ঠান পরিবেশন করে।

## ঢাকার নাজিরাবাজার থেকে ১৩৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা গোয়েন্দা অঞ্চলের একটি রেইডিং টিম গত ৭ এপ্রিল ২০০৮ তারিখ বিকাল ৬.৩০ ঘটিকায় ঢাকা মহানগরীর কোতয়ালী থানাধীন ৫৩/ডি, নাজিরা বাজার লেনে (বংশাল নতুন রাস্তা) মাদকবিরোধী অভিযান পরিচালনা করে চাঁনতারা ট্রান্সপোর্ট কোম্পানী এর গোড়াউন থেকে ২৭(সাতাশ) টি কাগজের কার্টুনে মোট ১৩৫০ (এক হাজার তিনশত পঞ্চাশ) বোতল কোডিনযুক্ত ফেন্সিডিল ও একটি ইতালির তৈরী পিস্তল যার নম্বর-১১৭৭০ ও ম্যাগাজিনসহ ৭.৬৫ বোরের ৪ (চার) রাউন্ড গুলি উদ্ধারপূর্বক মোঃ নাসির উদ্দিন নান্নু (৪৫), মোঃ শহিদুল ইসলাম (৩৫), মোঃ বোরহান উদ্দিন (২৫) ও মোঃ মনির হোসেন (২৪) কে হাতে-নাতে গ্রেফতার করে। ঘটনার সময় চাঁনতারা ট্রান্সপোর্ট কোম্পানীর মালিক হাজী মোঃ কামাল হোসেন ওরফে কালু মিয়া (৬৫) পালিয়ে যায়। অবৈধ মাদক ব্যবসার সাথে জড়িত থাকার অভিযোগে পলাতক আসামীসহ বর্ণিত ৫ (পাঁচ) জনের বিরুদ্ধে ঢাকা ১৯৯০ সনের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন এবং অস্ত্র আইনের সংশ্লিষ্ট ধারায় কোতয়ালী থানায় দুইটি পৃথক মামলা দায়ের করা হয়েছে।

আপনার নিষ্পাপ সন্তানদের নেশা থেকে বাঁচান  
DON'T MAKE THEM  
A DRUG GENERATION

## সম্পাদকের কথা

## সবার আগে প্রয়োজন

## পরিবারকে মাদকমুক্ত রাখা

সমাজের মূল ভিত্তি পরিবার। একটি আদর্শ পরিবারই দিতে পারে সুস্থ ও সুন্দর জীবনের অধিকারী একজন সুনাগরিক। মানুষ জন্মের পরসর্বপ্রথম শিক্ষা গ্রহণ করে পরিবারের সদস্যদের কাছ থেকে। একটি শিশু যখন থেকে বুঝতে শিখে তখন থেকেই অনুকরণ করতে থাকে তার পরিবারের অপরাপর সদস্যদের। তাই একটি শিশুকে শৈশবকাল থেকে আধুনিক শিক্ষার পাশাপাশি ধর্মীয় শিক্ষা, স্বাস্থ্য সচেতনতা ও নৈতিকতা শিক্ষা দিতে হবে। সমাজের প্রত্যেক অভিভাবককে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে তার প্রিয় সন্তানটি যেন বিপথগামী না হয়ে পড়ে। একজন সচেতন অভিভাবকের পক্ষে উপলব্ধি করা সম্ভব তার প্রিয় সন্তান কোন দিকে এগোচ্ছে। কারণ একজন সুস্থ সন্তান হঠাৎ করে একদিনেই মাদকাসক্ত হয়ে পড়েনা। হয়তো প্রথমে সে ধূমপান শুরু করে; এরপর কোন অসুস্থ পরিবেশ থেকে বিভিন্নভাবে প্রলুব্ধ হতে থাকে মাদকের মত মারাত্মক নেশার দিকে। তাই প্রত্যেক অভিভাবককে খেয়াল রাখতে হবে তার সন্তান কোন পরিবেশে এবং কাদের সাথে মেলা মেশা করছে। সন্তান মাদকাসক্ত হয়ে পড়লে তার প্রভাব সর্বপ্রথম পড়বে পরিবারের উপর। মাদকাসক্ত ব্যক্তি যেভাবে নিগৃহীত হয় তেমনিভাবে সমাজে নিগৃহীত হবে তার পরিবার। প্রত্যেক সন্তানকে যদি বাবা-মা স্নেহের বন্ধনে আবদ্ধ রাখতে পারেন তবে তার সন্তান অবশ্যই সামাজিক মূল্যবোধের মধ্যেই বেড়ে উঠবে। অপরদিকে সন্তানের মধ্যে যদি পারস্পরিক স্নেহ-মমতা ও সামাজিক মূল্যবোধ না থাকে তাহলে তার পরিবারে ধীরে ধীরে অবক্ষয় নেমে আসবে। দেখা দিবে পারিবারিক বিশৃঙ্খলা ও অশান্তি সৃষ্টি হবে অভাব অনটন সম্মুখীন হবে আর্থিক সমস্যার। একসময় এ সমস্যাই প্রকট রূপ ধারণ করে পরিবারকে ধ্বংসের মুখে ফেলে দেবে। অতএব আসুন আমরা আমাদের পরিবারকে মাদকমুক্ত রাখতে অঙ্গীকারাবদ্ধ হই।

## মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে

## ১ জনের যাবজ্জীবন কারাদণ্ড

গত ৩ ফেব্রুয়ারি ২০০৮ তারিখে বিজ্ঞ বিশেষ ট্রাইব্যুনাল-৩, ঢাকা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৯(১) এর ১(খ) ধারা মোতাবেক একজনকে যাবজ্জীবন কারাদণ্ড এবং ৫০০ টাকা জরিমানা অনাদায়ে ২ মাস বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেছেন। যাবজ্জীবন কারাদণ্ড প্রাপ্ত আসামী হলেন, মোঃ সুমন, পিতা-মৃত আবুল কালাম আজাদ, সাং-নয়াগাঁও, থানা- শাহারসি, জেলা-চাঁদপুর। তার বিরুদ্ধে গত ১১ ডিসেম্বর ২০০৬ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা গোয়েন্দা অঞ্চল কর্তৃক পল্টন থানায় ৩৫ গ্রাম হেরোইনসহ গ্রেফতারপূর্বক মামলা দায়ের করা হয়েছিল।

## মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-অঞ্চল ও গোয়েন্দা অঞ্চলভিত্তিক মার্চ/০৮ মাসের মামলার পরিসংখ্যানঃ

ক্র/নং	উপ-অঞ্চলের নাম	দায়েরকৃত মামলার সংখ্যা	আসামীর সংখ্যা
১	ঢাকা-মেট্রো উপ-অঞ্চল	১১৩	১১২
২	ঢাকা উপ-অঞ্চল	৫৭	৭৮
৩	ময়মনসিংহ উপ-অঞ্চল	৩২	৩২
৪	ফরিদপুর উপ-অঞ্চল	১৫	১৮
৫	টাংগাইল উপ-অঞ্চল	৭	৮
৬	জামালপুর উপ-অঞ্চল	৭	৭
৭	চট্টগ্রাম-মেট্রো উপ-অঞ্চল	৪১	৩৮
৮	চট্টগ্রাম উপ-অঞ্চল	১৮	১২
৯	সিলেট উপ-অঞ্চল	৩৮	৩১
১০	নোয়াখালী উপ-অঞ্চল	১৩	১৬
১১	কুমিল্লা উপ-অঞ্চল	২৭	৩০
১২	কক্সবাজার উপ-অঞ্চল	৮	৮
১৩	রাঙ্গামাটি উপ-অঞ্চল	৪	৪
১৪	খাগড়াছড়ি উপ-অঞ্চল	৩	১
১৫	বান্দরবান উপ-অঞ্চল	২	১
১৬	খুলনা উপ-অঞ্চল	৩৭	৪৬
১৭	যশোর উপ-অঞ্চল	৩২	৪০
১৮	কুষ্টিয়া উপ-অঞ্চল	১৭	১৯
১৯	বরিশাল উপ-অঞ্চল	৮	৮
২০	পটুয়াখালী উপ-অঞ্চল	৬	৭
২১	রাজশাহী উপ-অঞ্চল	৬১	৬০
২২	পাবনা উপ-অঞ্চল	২৪	২৫
২৩	বগুড়া উপ-অঞ্চল	২১	২২
২৪	রংপুর উপ-অঞ্চল	৩৬	৩৭
২৫	দিনাজপুর উপ-অঞ্চল	২২	২৭
২৬	ঢাকা গোয়েন্দা অঞ্চল	১২	১২
২৭	রাজশাহী গোয়েন্দা অঞ্চল	১০	৬
২৮	চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল	৯	১৩
২৯	খুলনা গোয়েন্দা অঞ্চল	৬	৬
সর্বমোটঃ		৬৮৬	৭২৪

## মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন রিপোর্ট

মার্চ/০৮ মাসে সরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে ৪২৮ জন মাদকাসক্তের চিকিৎসা সেবা প্রদান করা হয়। মার্চ/০৮ মাসে নিরাময় কেন্দ্রভিত্তিক প্রদত্ত চিকিৎসা সেবার বিবরণ নিম্নরূপঃ

কেন্দ্রের নাম	অন্তঃ বিভাগ	বহিঃ বিভাগ	মোট	নতুন	পুরাতন
কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা	৬৭	১৭৫	২৪২	১০৯	১৩৩
মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম	৯	১২	২১	২১	-
মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, খুলনা	-	-	-	-	-
মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী	-	-	-	-	-
কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, যশোর	৩	১৭	২০	১২	৮
কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, রাজশাহী	৫৯	১৫	৭৪	১৭	৫৭
কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, কুমিল্লা	৫৭	১৪	৭১	১৮	৫৩
মোট	১৯৫	২৩৩	৪২৮	১৭৭	২৫১

## অধিদপ্তরের রুজুকৃত মামলার আলামত সংক্রান্ত পরিসংখ্যান

অধিদপ্তরের মার্চ/০৮ মাসের আলামতভিত্তিক মামলা, আসামী ও উদ্ধারকৃত মাদকদ্রব্যের বিবরণ নিম্নে তুলে ধরা হলোঃ

মাদকদ্রব্যের নাম	মামলার সংখ্যা	আসামীর সংখ্যা	মাদকদ্রব্যের পরিমাণ
হেরোইন	৯৩	১০৮	৪.৯৭৮ কেজি
গাঁজা	২৪৭	২৬৪	১৭৭.২৫৬ কেজি
গাঁজা গাছ	২	১	৭৭ টি
অবৈধ চোলাই মদ	১৬০	১৪৪	২২৭৮.৪ লিটার
দেশী মদ	২	২	১৬৩ লিটার
বিদেশী মদ	১৭	১২	৪২৮ বোতল
বিয়ার	১	১	১০২৪ ক্যান
রেস্টিফাইড স্পিরিট	৬	৮	৩২৩.১ লিটার
ফেলিডিল	১২৩	১৪৯	৩৯২৫ বোতল
ফেলিডিল			৫ লিটার
তাড়ী (টোডি)	৭	৭	৭৬৭ লিটার
টি.ডি জেসিক ইঞ্জেকশন	১৪	১৪	১৩৯ এ্যাম্পুল
জাওয়া			২৩৫১০ লিটার
বনোজেসিক ইঞ্জেকশন	১০	১১	৪২০ এ্যাম্পুল
অন্যান্য	২	৩	
মুলি	২		২০৫০ পিচ
নগদ অর্থ			৩৭৬২৬ টাকা
মোবাইল সেট			২৫ টি
ট্রাক			১ টি
মোটর সাইকেল			১ টি
মোট	৬৮৬	৭২৪	

## প্রিকারসর কেমিক্যাল আমদানি

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ব্যবহৃত প্রিকারসর কেমিক্যালস এর আমদানীর বিষয়ে অনুমোদন দিয়ে থাকে। বর্তমান অর্থবছরের শুরু থেকে মার্চ/০৮ পর্যন্ত বিভিন্ন প্রিকারসর এর অনুমোদিত বার্ষিক কোটা ও আমদানীর পরিমাণ নিম্নরূপঃ

প্রিকারসর কেমিক্যালের নাম	আমদানির বার্ষিক কোটার পরিমাণ	জুলাই/০৭ হতে মার্চ/০৮ পর্যন্ত আমদানীর পরিমাণ	মার্চ/০৮ মাসে আমদানীর পরিমাণ
টলুইন	৮,৯২৫.৭৯৯ মেঃ টন	১৩১৩.৯১২ মেঃ টন	১১০.৯৮ মেঃ টন
এসিটিক এনহাইড্রাইড	১,২৫৬.৯৩৫ মেঃ টন	-	-
এসিটোন	৪,৪১৬.২৩১ মেঃ টন	৬১৮.৭২ মেঃ টন	১৭৬.৮০ মেঃ টন
মিথাইল ইথাইল কিটোন	৩,০০১.৪১৭ মেঃ টন	৩৬৭.৩২৫ মেঃ টন	৪৩.৯৭ মেঃ টন
পটাশিয়াম পারম্যাংগানেট	১,৭৫৭ মেঃ টন	১১৮.৪০ মেঃ টন	-

এ অধিদপ্তরের অনুমোদন ছাড়া যারা প্রিকারসর কেমিক্যাল এর ব্যবসা পরিচালনা করছে তাদের সম্পর্কে পরিচালক (অপারেশনস) এর নিকট সংবাদ প্রদানের জন্য সর্বসাধারণকে অনুরোধ করা যাচ্ছে। যোগাযোগের জন্য টেলিফোন নং-৮৩১২২৪৯।

## মাদক অপরাধের মামলা নিষ্পত্তি

মার্চ/০৮ মাসে মোট ৪৪৯ টি মামলা নিষ্পত্তি হয়। এর মধ্যে সাজা প্রাপ্ত মামলার সংখ্যা ১৬৭ টি, খালাস প্রাপ্ত মামলার সংখ্যা ২৭৮ টি। অন্যান্যভাবে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৪ টি। সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা ১৭৭ জন এবং খালাসপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা ২৯৫ জন। মার্চ/০৮ মাস পর্যন্ত অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৩৭৮৯৭ টি। উপ-অঞ্চলভিত্তিক নিষ্পত্তিকৃত মামলার বিবরণ নিম্নরূপঃ

ক্রঃ নং	উপ-অঞ্চলের নাম	সাজাপ্রাপ্ত মামলার সংখ্যা	সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা	মার্চ/০৮ পর্যন্ত অনিষ্পত্তিকৃত মামলা
১	ঢাকা-মেট্রো উপ-অঞ্চল	৩৯	৪২	৫১১৩
২	ঢাকা উপ-অঞ্চল	২১	২০	৩৬৫২
৩	ময়মনসিংহ উপ-অঞ্চল	৩	৪	২৫০১
৪	ফরিদপুর উপ-অঞ্চল	৫	৫	৬৭১
৫	টাংগাইল উপ-অঞ্চল	-	-	৬১৬
৬	জামালপুর উপ-অঞ্চল	৫	৫	৪৮৫
৭	ঢাকা গোয়েন্দা অঞ্চল	-	-	-
৮	চট্টগ্রাম মেট্রো উপ-অঞ্চল	২০	২০	৩০৭১
৯	চট্টগ্রাম উপ-অঞ্চল	২	২	৯৮২
১০	নোয়াখালী উপ-অঞ্চল	১	১	৬৮৬
১১	কুমিল্লা উপ-অঞ্চল	১০	১০	১৮৮৭
১২	কক্সবাজার উপ-অঞ্চল	১	১	৫৮৮
১৩	রাঙ্গামাটি উপ-অঞ্চল	-	-	১৮১
১৪	খাগড়াছড়ি উপ-অঞ্চল	-	-	১৬
১৫	বান্দরবান উপ-অঞ্চল	১	২	৭১
১৬	চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল	৩	৪	৫১৭
১৭	সিলেট উপ-অঞ্চল	১০	১০	২৪৪২
১৮	খুলনা উপ-অঞ্চল	১৫	১৯	৯৪০
১৯	যশোর উপ-অঞ্চল	৪	৪	১২৯৬
২০	কুষ্টিয়া উপ-অঞ্চল	৫	৫	৬৫৩
২১	খুলনা গোয়েন্দা অঞ্চল	৫	৫	১১৮
২২	বরিশাল উপ-অঞ্চল	৪	৪	২৬৮
২৩	পটুয়াখালী উপ-অঞ্চল	২	২	৯০
২৪	রাজশাহী উপ-অঞ্চল	১	২	৪২০৯
২৫	পাবনা উপ-অঞ্চল	৪	৪	১৫৭৩
২৬	বগুড়া উপ-অঞ্চল	১	১	১৩৬৮
২৭	রংপুর উপ-অঞ্চল	১	১	২১০১
২৮	দিনাজপুর উপ-অঞ্চল	৪	৪	১৫০৪
২৯	রাজশাহী গোয়েন্দা অঞ্চল	-	-	২৯৮
	সর্বমোটঃ	১৬৭	১৭৭	৩৭৮৯৭



অভিনব কায়দায় গাঁজা পাচারকালে গ্রেফতারকৃত ২ আসামী

## কুমিল্লায় ৪ কেজি গাঁজা ও ১০০ বোতল ফেন্সিডিল উদ্ধার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কুমিল্লা উপ-অঞ্চলের কর্মকর্তাদের নেতৃত্বে একটি রেইডিং টিম কুমিল্লা ধর্মপুরস্থ রেল স্টেশনের প্লাটফর্মে অভিযান চালিয়ে শরীরে বিশেষ কায়দায় পঁচিয়ে পাচারকালে ৪(চার) কেজি গাঁজা উদ্ধারসহ ২(দুই) জন আসামীকে গ্রেফতার করেছে এবং গত ২৪/৩/০৮ তারিখ একটি রেইডিং টিম কুমিল্লা পল্লী বিদ্যুৎ অফিসের সামনে অভিযান চালিয়ে ১০০ (একশত) বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধারসহ ১ (এক) জনকে গ্রেফতার করেছে।

## অবসর গ্রহণ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী উপ-অঞ্চলের পুটিয়া সার্কেলের উপ-পরিদর্শক জনাব নূপেন্দ্র চন্দ্র আচার্য্য ০৯/০৪/০৮ তারিখে, সিলেট উপ-অঞ্চলের কুলাউড়া সার্কেলের সহকারী উপ-পরিদর্শক জনাব আব্দুস সাত্তার ১২/০৩/২০০৮ তারিখে, পাবনা উপ-অঞ্চলের উপ-পরিদর্শক জনাব মোঃ আব্দুস ছাত্তার ২৮/০১/২০০৮ তারিখে এবং যশোর উপ-অঞ্চলের সিপাই জনাব মোঃ লিয়াকত আলী মিঞা ০১/০৪/২০০৮ তারিখে প্রাক অবসর গ্রহণ প্রস্তুতিমূলক ছুটি (এলপিআর)-তে গমন করেন। উক্ত ছুটি শেষে জনাব নূপেন্দ্র চন্দ্র আচার্য্য ০৯/০৪/০৯ তারিখে, জনাব আব্দুস সাত্তার ১২/০৩/২০০৯ তারিখে, জনাব মোঃ আব্দুস ছাত্তার ২৮/০১/২০০৯ তারিখে এবং যশোর উপ-অঞ্চলের সিপাই জনাব মোঃ লিয়াকত আলী মিঞা ০১/০৪/২০০৯ তারিখে সরকারি চাকুরী হতে অবসর গ্রহণ করবেন।

## নিরোধ শিক্ষামূলক কার্যক্রম ও মাদকবিরোধী প্রচারাভিযান

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার রোধ করার জন্য দেশে প্রচলিত আইনের যথাযথ প্রয়োগের পাশাপাশি প্রয়োজন এ বিষয়ে ব্যাপক গণসচেতনতামূলক কার্যক্রম। এ লক্ষ্যকে সামনে রেখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাঠ পর্যায়ে ব্যাপক গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করে থাকে। মার্চ/০৮ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক সম্পাদিত নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের একটি বিবরণী নিম্নে তুলে ধরা হলো।

ক্র/নং	কর্মসূচীর নাম	সংখ্যা ২০০৮ সাল	
		মার্চ	জানুঃ-মার্চ
১।	মাইকিং কর্মসূচী-	১৫ টি	৪৫ টি
২।	ধর্মীয় প্রতিষ্ঠান ভিত্তিক সভা	১ টি	৭ টি
৩।	মাদকবিরোধী আলোচনা সভা-	৫০০ টি	১৫৪২ টি
৪।	অভিযানকালে গণসচেতনতা কার্যক্রম-	২৭ টি	১০০ টি
৫।	শ্রেণী বক্তৃতা	৩৩ টি	৫১ টি
৬।	বুলেটিন বিতরণ কর্মসূচী-	১৫০ টি	৯৫০ টি
৭।	প্রশিক্ষণ কর্মসূচী-	৪ টি	৮ টি
৮।	লিফলেট বিতরণ	৪২০০০ টি	৪২০০০ টি
৮।	অন্যান্য কর্মসূচী-	৪ টি	৪ টি

## রাজস্ব আদায়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অঞ্চলভিত্তিক ২০০৭ সালের মার্চ মাসের সাথে ২০০৮ সালের মার্চ মাসের রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী নিম্নরূপঃ

ক্র/নং	অঞ্চলের নাম	মার্চ/০৭	মার্চ/০৮
১।	ঢাকা অঞ্চল	৩৫,১১,৮৩২	৪৫,০৯,৯৪৬
২।	চট্টগ্রাম অঞ্চল	৬৮,১২,১৫৭	৭৪,৬১,০৬০
৩।	খুলনা অঞ্চল	১,৮৩,৪৩,২৬০	২,১৭,৫৭,৫১৩
৪।	রাজশাহী অঞ্চল	৫৫,৭৫,৬১৭	৬৩,৭৩,৫২৭
	মোট	৩,৪২,৪২,৮৬৬	৪,০১,০২,০৪৬

## রাসায়নিক পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ, বিডিআর, কাস্টমস, র‍্যাভ ও কোস্টগার্ডসহ সকল আইন প্রয়োগকারী সংস্থার দায়েরকৃত মাদক অপরাধ সংক্রান্ত মামলার আলামত এবং শিল্পে ব্যবহৃত বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রিকারসর ক্যামিকেলস এর রাসায়নিক পরীক্ষা কার্য সম্পন্ন করা হয়। মার্চ/০৮ মাসের রাসায়নিক পরীক্ষার হিসেব নিম্নরূপঃ

নমুনা প্রেরণকারী সংস্থা	মামলা সংখ্যা	রাসায়নিক পরীক্ষা সম্পন্ন ও রিপোর্ট সরবরাহ			পেপ্তি/স্থগিত
		পঞ্জিটিভ	নিগেটিভ	মোট	
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	৭০৩	৭০১	১	৭০২	১
পুলিশ	৮৫৯	৮৫৭	১	৮৫৮	১
বিডিআর	৩	১	২	৩	-
র‍্যাভ	-	-	-	-	-
সর্বমোট	১৫৬৫	১৫৫৯	৪	১৫৬৩	২

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, ওয়েজ আর্নর্স হোস্টেল ভবন (লেভেল-৮), ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত। টেলিযোগাযোগ : ৯৩৫৫৮৯৩, ৯৩৫৫৮৯৪, ৮৩১২২৪৯।